# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 12 May, 2025

দেশের ২১ জেলার ওপর দিয়ে অস্থায়ীভাবে প্রতি ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বা এর অধিক গতিবেগে দমকা/ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি ও বজ্রপাত হতে পারে।আজ সোমবার (১২ মে) আবহাওয়া অধিদপ্তরের বজ্রপাতের সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়েছে।

সতর্কবার্তায় বলা হয়েছে, আজ সকাল সাড়ে ৮টা থেকে পরবর্তী ১-৪ ঘণ্টায় রাজশাহী, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, ঢাকা, নরসিংদী, রংপুর, গাইবান্ধা, শেরপুর, নেত্রকোনা, ময়মনসিংহ, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, মৌলভীবাজার, হবিগঞ্জ, সিলেট, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার ওপর দিয়ে অস্থায়ীভাবে প্রতি ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বা এর বেশি গতিবেগে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি ও বজ্রপাত হতে পারে।

বজ্রপাতের বিষয়ে সতর্কবার্তায় বেশ কিছু পদক্ষেপ নেওয়ার পরামর্শ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।এগুলো হলো–

* বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন।

* জানালা ও দরজা বন্ধ রাখুন।

* সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন।

* নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন।

* গাছের নিচে আশ্রয় নেবেন না।

* কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না।

* বৈদ্যুতিক ও ইলেকট্রনিক ডিভাইসগুলো প্লাগ খুলে দিন।

* জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন।

* বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন।

* শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

বৃষ্টি ঝড় বজ্রপাত আবহাওয়া আবহাওয়া-অধিদপ্তর তাপপ্রবাহ তাপমাত্রা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:12

URL: https://www.timestodaybd.com/across-the-country/2341775807